আজকের কাগজ

তারিখ ...03 FEB 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

117

# ফেনী পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ ২ জন শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতি মামলা

ফেনী পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোতাহারুল করিম ও সহকারী প্রধান শিক্ষক আবদুল মান্নানের বিরুদ্ধে প্রতারণা ও ক্ষমতার অপব্যবহার করে অর্থ আত্মসাতের দায়ে জেলা দুর্নীতি দমন ব্যুরো মামলা দায়ের করেছে। জানা গেছে, উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোতাহারুল করিম ও সহকারী প্রধান শিক্ষক আবদুল মান্নান ১৯৯৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে সনদপত্র বাবত অতিরিক্ত ৯ হাজার ৭ শ' ৩৫ টাকা এবং ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে কোচিং ফি বাবদ ৫২ হাজার ৩ শ' টাকা আদায় করে আত্মসাৎ করেন। উক্ত প্রতারণার ঘটনা প্রকাশ হলে জেলা দুর্নীতি দমন ব্যুরো বিষয়টি তদন্তপূর্বক প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের বিরুদ্ধে ফেনী থানায় (মামলা নং-২, তাং-১-১২-৯৪, ধারা ৪২০/১০৯ বাংলাদেশ দণ্ডবিধি এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ ২ নং আইনের ৫ (২) ধারা মোতাবেক) একটি আত্মসাৎ মামলা দায়ের করেন। ছাগলনাইয়া থেকে সংবাদদাতা।